৩০

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 16 NOV. 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ৫

## মতিঝিল আইডিয়াল স্কুলে ছাত্র ভর্তিতে ডোনেশন প্রথা বাতিল হওয়া উচিত

—সাবের হোসেন চৌধুরী

রাজধানীর সবুজবাগ-মতিঝিল এলাকা হইতে নির্বাচিত সংসদ সদস্য ও মতিঝিল আইডিয়াল স্কুল এ্যাণ্ড কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান সাবের হোসেন চৌধুরী

(১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## মতিঝিল আইডিয়াল

( ১ম পৃঃ পর )

আগামী শিক্ষাবর্ষ হইতে আইডিয়াল স্কুল এ্যাণ্ড কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে ডোনেশন প্রথা বাতিল করার পক্ষে তাহার ব্যক্তিগত মত প্রকাশ করিয়াছেন। গতকাল শনিবার সবুজমতি ভবনে আইডিয়াল স্কুল এ্যাণ্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের সহিত এক মত বিনিময় অনুষ্ঠানে বক্তৃতা দানকালে তিনি বলেন, অর্থ নয়, মেধাই ছাত্র ভর্তির মাপকাঠি। এবং এই নীতির উপর ভিত্তি করিয়াই আগামী সেশনগুলিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা উচিত। তিনি বলেন, গভর্নিং বডির পরবর্তী সভায় এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হইবে। বর্তমান সরকার কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে সর্বাধিক বাজেট বরাদ্দের কথা উল্লেখ করিয়া তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কার্যক্রমের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের যথেষ্ট তহবিল রহিয়াছে। ইহা ছাড়াও এই প্রতিষ্ঠানটির নিজস্ব পরিমিত তহবিল রহিয়াছে। সুতরাং উন্নয়নের নামে অভিভাবকদের নিকট হইতে ছাত্র ভর্তির জন্য লক্ষ লক্ষ টাকা ডোনেশন গ্রহণ করা অনুচিত।

শিক্ষা প্রতিষ্ঠানটিতে বিরাজমান পরিস্থিতির ব্যাখ্যা করিয়া সংসদ সদস্য বলেন, আইন সকলের জন্য সমান এবং এ ব্যাপারে সুপ্রীম কোর্টের আপীল বিভাগ প্রদত্ত রায়ের আলোকে যথাসময়ে প্রয়োজনীয় ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হইবে। তিনি ছাত্র-ছাত্রীদের বার্ষিক পরীক্ষার বিষয়টির কথা বিবেচনা করিয়া সকল প্রকার উস্কানির মুখে অভিভাবকদের ধৈর্য ও সংযম প্রদর্শনের আহ্বান জানান।

এদিকে সাবের হোসেন চৌধুরীর তত্ত্বাবধানে প্রতিষ্ঠিত সবুজ মতি ট্রাস্টের অন্যতম প্রতিষ্ঠান সবুজ মতি স্বাস্থ্য সেবার আনুষ্ঠানিক কার্যক্রম গতকাল শুরু হয়। সবুজবাগ মতিঝিলের কেন্দ্রবিন্দু খিলগাঁও বিশ্বরোডের পাড়ে অবস্থিত সবুজ মতি ভবনে এ স্বাস্থ্যসেবার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশিষ্ট শিল্পপতি কর্ণফুলী গ্রুপ অব কোম্পানীর চেয়ারম্যান হেদায়েত হোসেন চৌধুরী। সবুজবাগ-মতিঝিল তথা সারা দেশের সকল স্তরের জনগণের স্বল্প মূল্যে আধুনিক চিকিৎসা সেবার দৃঢ় প্রত্যয় নিয়া এই প্রতিষ্ঠানের অগ্রযাত্রা শুরু। ইহা সবুজ মতি ট্রাস্টের একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান। আজ সবুজবাগ মতিঝিল এলাকার প্রায় শতাধিক ব্যক্তি চিকিৎসা কার্ড করেন। নিম্নবিত্ত এবং মধ্যবিত্তরা এ প্রতিষ্ঠানের মাধ্যমে অধিকতর সুযোগ সুবিধা পাইবে। —প্রেস বিজ্ঞপ্তি